গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

# বার্ষিক উদ্ভাবন প্রতিবেদন ২০১৯-২০

## ১। হজযাত্রীদের প্রি-এরাইভাল ইমিগ্রেশন

সমস্যা

সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের ইমিগ্রেশন এর সময় অনেক সময় অপেক্ষা করতে হয়। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করার কারনে হজযাত্রীরা অনেক কষ্ট ও দুর্ভোগের শিকার হন। হজযাত্রীদের বাংলাদেশ থেকে সৌদি আরবের বিমানবন্দরে দীর্ঘক্ষণ ভ্রমণের পর আবার এই ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করার কারনে অনেক হজযাত্রী অসুস্থ হয়ে পরেন। এছাড়াও হজযাত্রীদের সৌদি আরবের ইমিগ্রেশন ইমিগ্রেশন সম্পন্ন হবার পর হজযাত্রীদের জেদ্দা বিমান বন্দর থেকে মক্কার বাড়িতে অথবা মদিনা বিমান বন্দর থেকে মদিনার বাড়িতে যাবার জন্য নির্ধারিত বাসে স্ব-স্ব লাগেজ উঠানোর জন্য আবার অনেক সময় অপেক্ষা করতে হয়।

সমাধান

এই প্রথমবারের মত সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশি হজযাত্রীদের সৌদি আরব অংশের ইমিগ্রেশন জেদ্দা/মদিনার পরিবর্তে ঢাকায় সম্পন্ন করা হয়। এছাড়াও হজযাত্রীদের লাগেজ পরিবহনের কষ্ট লাঘবের উদ্দেশ্যে ঢাকা এয়ারপোর্ট থেকে লাগেজ সরাসরি হজযাত্রীর মক্কাস্থ হোটেলের কক্ষে পৌঁছিয়ে দেয়া হয়। এ কার্যক্রমের ফলে সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশী হজযাত্রীদের বিমান বন্দরে ০৬ থেকে ০৮ ঘন্টা অপেক্ষার সময় ও কষ্ট লাগব হয়েছে। প্রথম বছরেই অত্যন্ত সফলতার সাথে বাংলাদেশের প্রায় অর্ধেক হজযাত্রীর ইমিগ্রেশন সম্পন্ন হয়েছে।







২। ইলেক্ট্রোনিক হেলথ প্রোফাইল ও ই-হেলথ সনদ

সমস্যা

হজযাত্রীর হজযাত্রার পূর্বে মেডিকেল প্রোফাইল এর তথ্য সিস্টেমে সময়মত হালনাগাদ না থাকার কারনে সৌদি আরবে হজযাত্রীদের চিকিৎসা প্রদানের সময় নানা রকম সমস্যা হয়। হজযাত্রীরা ম্যানুয়াল পদ্ধতিতে মেডিকেল প্রোফাইল এর  ফরম পুরন করেন এবং পুরনকৃত ফরম কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে অনেক সময় লাগে এবং ত্রুটি বিচ্যুতি হয়। এতে দেখা যায় যে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যায় না। এছাড়াও হজযাত্রীরা টিকা গ্রহণ এর পর ম্যানুয়াল ভ্যাক্সিনেশন কার্ড পেয়ে থাকেন। এ কারনে কোন হজযাত্রী যদি টিকা গ্রহণ না করে থাকেন তার তথ্য সিস্টেমে পাওয়া যায় না। এছাড়াও ম্যানুয়াল সিস্টেম থাকার কারনে কোন হজযাত্রী কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত কিনা, অচল অক্ষম কিনা তাও জানা সম্ভব হয় না।

সমাধান

হজযাত্রীরা যাতে তাদের  মেডিকেল প্রোফাইল এর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করতে পারেন। অনলাইন প্রোফাইল ফর্মে ট্রাকিং নং এর বিপরীতে বেসিক ইনফরমেশন যেমন নাম, ট্র্যাকিং নাম্বার, পিতা/মাতার নাম, পাসপোর্ট নাম্বর ইত্যাদি তথ্য থাকবে কিন্তু স্বাস্থ্য বিষয়ক তথ্য শুধুমাত্র অনুমোদিত চিকিৎসক স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট দেখে অনলাইনে পূরণ করেন। হজযাত্রী প্রিন্টকৃত হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসবেন। স্বাস্থ্য কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থ কর্মী) সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফরমের তথ্য নিশ্চিত করার পরই হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র তৈরি হবে এবং প্রিন্ট করা যায়। ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র না থাকলে হজযাত্রীদের ভিসা প্রদান করা হবে না। এর ফলে সকল হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইলসহ টিকা প্রদান নিশ্চিত করা হয়। যেহেতু হজযাত্রীদের তথ্য স্বাস্থ্য কেন্দ্র থেকে এন্ট্রি হয়ে যায় এর ফলে পূর্বের বছরের ন্যায় আর কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে হয় না এবং এর ফলে ফলে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যায়। ইলেক্ট্রোনিক হেলথ প্রোফাইল ও ই-হেলথ সনদ ডাউনলোড লিঙ্ক নিম্নরূপঃ
https://prp.pilgrimdb.org/web/pilgrim-search?q=N (N=হজযাত্রীর ট্র্যাকিং নম্বর)






৩। কিউ ম্যানেজমেন্ট সিস্টেম

লক্ষাধিক হজযাত্রীর চিকিৎসা সেবা সুশৃঙ্খল করার লক্ষ্যে কিউ সিস্টেম চালু করা হয়েছে। এর ফলে সম্মানিত হজযাত্রীদের দীর্ঘ সময় লাইনে দাঁড়াতে হয়নি। হজযাত্রীদের বিশেষ করে বয়স্ক হাজিদের মেডিকেল সেবাদ্রুত দেয়া সম্ভব হয়েছে। প্রতিমন্ত্রী মহোদয় মক্কা ও মদীনা শরীফে সরেজমিন চিকিৎসা সেবা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় চিকিৎসা সেবা বিষয়ে হাজী সাহেবদের সাথে কথা বলেন। তারা চিকিৎসা সেবা সম্পর্কে উচ্ছসিত সন্তোষ প্রকাশ করেন






৪। অঙ্গুলীতে বাংলা বর্ণমালা শিক্ষা আনন্দপাঠ

সমস্যাঃ

বাংলাদেশের হাওড় অঞ্চলের জনগোষ্ঠিরা বিভিন্ন বৈরি আবহাওয়া কারণে এবং প্রাকৃতিক দূর্যোগ যেমন: বন্যা, জলোচ্ছাস ইত্যাদির কারণে বছরে প্রায় ৭-৮ মাস শিক্ষা প্রতিষ্ঠানে যেতে পারে না। এসময় তারা বাড়িতে বসে অলস সময় কাটায় এতে তাদের বুদ্ধি বিকাশে সমস্যা এবং পড়ালেখায় অনেক পিছিয়ে পড়ে।

সমাধানঃ

অঙ্গুলীতে বাংলা বর্ণমালা শিক্ষাদানের মাধ্যমে হাওড় অঞ্চলের পিছিয়ে পড়া ছেলে-মেয়েদের বুদ্ধি বিকাশে সহায়ক ভূমিকা পালন করবে এবং পড়ালেখায় আরো উৎসাহিত হবে।






## ৫। Meeting15Minute




Meeting15Minute হল একটি উদ্ভাবনী ধারণা যেখানে প্রতিদিনের নিজের দাপ্তরের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য প্রতিদিন সর্বোচ্চ ১৫ মিনিটের একটি ছোট কিন্তু কার্যকর সভা করা। সভায় সভাপতি তার দপ্তরের সকল টিম মেম্বারদের নিয়ে প্রতিদিন এই ছোট সভা করতে পারেন যেখানে ৮-১০ মিনিট আজকের কি কি কাজ করনীয় আছে সে বিষয়ে আলোচনা করতে পারেন। এছাড়াও গতকাল পর্যন্ত কারো কোন কাজ পেন্ডিং কাজ আছে কিনা তা নিয়েও আলোচনা করতে পারেন; সপ্তাহের/মাসের কি কি গুরুত্বপূর্ন কাজ রয়েছে তা লিস্ট করতে পারেন এবং সে অনুযায়ী প্রতিদিনের কাজ ভাগ করতে পারেন। এছাড়াও টিমের কোন মেম্বার আজ কি কাজ করবেন তা নিয়ে আলোচনা করতে পারেন। শেষ ৫ মিনিট সভাপতি প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবেন। Meeting15Minute সভাটি স্ট্যান্ডিং সভা হতে পারে বা সাধারণ সভার মতও হতে পারে। যেখানে সভাপতি মধ্যখানে দাঁড়াবেন বা বসবেন এবং টিম মেম্বারগণ তাকে ঘিরে বৃত্তাকারে থাকবেন। সভাটি যথাসম্ভব একই স্থানে এবং একই সময়ে করতে হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সকল অনুবিভাগ ও শাখায় Meeting15Minute এর কার্যক্রম শুরু করেছে এবং সকল আওতাধীন দপ্তর/সংস্থা কে এর কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করা হয়েছে।